



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : মনোবিজ্ঞান ও পরিসংখ্যান বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/২০১৬ খ্রি. তারিখের স্মারক : ৩৭.০০.০০০.০৭০.১১.০৪৯.২০১৬-৭৯০ নং পত্র ও
অধ্যক্ষ মহোদয়ের ২৭-০৮-২০১৪ খ্রি. তারিখের আইডি নং- ৯২২৪।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, NTRCA সনদধারী শিক্ষক নিয়োগ ও মহিলা কোটা শর্ত পূরণসহ নিম্ন বর্ণিত শর্ত পূরণের শর্তে আপনার কলেজের মানবিক বিভাগে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১(এক) বৎসরের জন্য মনোবিজ্ঞান ও পরিসংখ্যান বিষয় খোলার অনুমতি প্রদান করা হল।

শর্তাদিঃ

- ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার গ্রহণ করবে না।
- ২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা ও পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৩। কলেজের কোন শাখা বা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৪। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- ৫। সরকার মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৬। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় বিষয় খোলার আদেশ বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৭। NTRCA সনদধারী শিক্ষক ও মহিলা কোটা পূরণ করতে হবে।
- ৮। পরীক্ষার পূর্বেই প্রতি বিষয়ের ১০০০/- টাকা করে ফিস জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি গ্রহণ করতে হবে।
- ৯। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ১০। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

অধ্যক্ষ
ঝাউডাঙ্গা কলেজ
ডাকঘর: ঝাউডাঙ্গা, থানা: সাতক্ষীরা সদর,
সাতক্ষীরা

স্বাক্ষর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০৪২১-৬৮৬৩৮

স্মারক নং-ক/অ/ ২৪৬

তারিখ : ৮/২/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। অফিস কপি।

স্বাক্ষর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

৬/২/২০১৭